# ভৈরব পৌরসভা কার্যালয়

ভৈরব, কিশোরগঞ্জ।

সংযুক্তি-৪

**সভা নং- ২৫**

## বিষয় ঃ ভৈরব পৌরসভার জানুয়ারী/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ **মোঃ ইফতেখার হোসেন**
মেয়র, ভৈরব পৌরসভা।

**সভার স্থান** ঃ পৌরসভার সভাকক্ষ।
**সভার তারিখ** ঃ ৩০/০১/২০২৩ খ্রিঃ (সোমবার)
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিতি ঃ পরিশিষ্ট-'ক'।

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার সূচনা করা হয়। অতঃপর সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্য সূচী মোতাবেক আলোচনাক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে। | সভাপতির অনুমতিক্রমে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা বিগত ২৯/১২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।<br><br>**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনার পর কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরনী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | মেয়র, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী। |
| ০২. | উন্নয়ন কাজের অগ্রগতি সংক্রান্ত আলোচনা। | ১। ২০২২-২০২৩ খ্রিঃ অর্থ বছরের রাজস্ব, উন্নয়ন ও বিশেষ বরাদ্দ তহবিলের আওতায় উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। এই বিষয়ে নির্বাহী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের ১৭টি প্যাকেজে নির্বাচিত ঠিকাদারকে NOA প্রদান এবং চুক্তিনামা সম্পাদন করা হয়েছে ও ইতিমধ্যে অনেকে কাজ শুরু করেছেন।<br>সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনার পর নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ক) বর্ণিত প্যাকেজের উন্নয়ন কাজ সামনে বৃষ্টির বাদল শুরু হওয়ার আগেই সংশ্লিষ্ট ঠিকাদারের মাধ্যমে দ্রুত সম্পাদন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) প্রতিটি কাজ উদ্বোধন এবং বিশেষ করে ডালাই ও কার্পেটিং এর ক্ষেত্রে স্ব স্ব ওয়ার্ড কাউন্সিলর এবং সহকারী প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলীর উপস্থিতিতে কাজ বাস্তবায়ন করতে হবে।<br>২। **পলতাকান্দা মাছ বাজার সংলগ্ন ডেমেজ ব্রীজ ভেঙ্গে ফেলা প্রসঙ্গে।**<br>এই বিষয়ে সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, পলতাকান্দা-কালিপুর সংযোগ ব্রীজটি দীর্ঘ দিন যাবত ডেমেজ হয়ে আছে। তাছাড়া ব্রীজের নীচ দিয়ে মাটি ভরাট হয়ে যাওয়ায় ব্রীজের কার্যকারীতা হারিয়েছে। যার ফলে ব্রীজটি পুনঃ নির্মাণ করার কোন প্রয়োজনীয়তা নাই। সেই প্রেক্ষিতে পলতাকান্দা মাছ বাজার সংলগ্ন ডেমেজ ব্রীজটি ভাঙ্গার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | নির্বাহী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী (সিভিল)। |
| ০৩. | আইইউজিআইপি প্রকল্পে পিডিপি প্রেরণ সংক্রান্ত। | সভায় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পে পিডিপি প্রেরণ প্রসঙ্গে আলোচনা করা হয়।<br>এই বিষয়ে নির্বাহী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, ভৈরব পৌরসভা আইইউজিআইপি প্রকল্পে অন্তর্ভুক্ত হওয়ায় আবশ্যকতার নিরিখে পিডিপি প্রণয়ন করার জন্য গত সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিলো। উক্ত সিদ্ধান্তের আলোকে ওয়ার্ড কমিটির সভা, ওয়ার্ড ভিশনিং, ফোকাস গ্রুপ ডিসকাশন, টিএলসিসির সভা এবং পৌরসভা ভিশনিং এর কার্যক্রম সম্পন্ন করে PDP (পৌরসভা উন্নয়ন পরিকল্পনা) প্রণয়ণ করা হয়। পৌরসভার উক্ত উন্নয়ন পরিকল্পনা গত ২১/০১/২০২৩ খ্রিঃ তারিখ টিএলসি সভায় উপস্থাপন ও অনুমোদন করা হয়। উক্ত PDP (পৌরসভা উন্নয়ন পরিকল্পনা) তে সন্নিবেশিত সকল তথ্যাদি এবং বিভিন্ন সভা ও ভিশনিং এর তথ্য এবং ক্যাপিটেল ইনভেস্টমেন্ট প্ল্যানে বর্ণিত বিভিন্ন | নির্বাহী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী (সিভিল)। |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>অগ্রাধিকার প্রকল্প সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনার পর নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>সিদ্ধান্তঃ<br>১। গাইড লাইন অনুযায়ী প্রণিত পৌরসভার উন্নয়ন পরিকল্পনা (Paurashava Development Plan) PDP সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>২। এছাড়া নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পের গাইড লাইন অনুযায়ী পৌরসভার যাবতীয় কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৪.</td>
<td>১২টি ওয়ার্ডের বিভিন্ন স্থানে বস্তি বা দরিদ্র এলাকা নির্বচন এবং বস্তি উন্নয়ন কমিটি গঠন ও অনুমোদন এর বিষয়ে আলোচনাঃ</td>
<td>১২টি ওয়ার্ডের বিভিন্ন স্থানে বস্তি বা দরিদ্র এলাকা নির্বাচন এবং বস্তি উন্নয়ন কমিটি গঠন ও অনুমোদন এর বিষয়ে আলোচনাঃ<br>এই বিষয়ে পৌরসভার সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ নুরুজ্জামান জানান যে, গত ২৯/১২/২০২২ খ্রিঃ তারিখে পৌর পরিষদের সিদ্ধান্তের আলোকে তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পের গাইড লাইন অনুযায়ী পৌরসভার Good Governance (সুশাসন) কার্যক্রম অর্থাৎ ওয়ার্ড কমিটি, সকল স্থায়ী কমিটি নগর সমন্বয় কমিটির ত্রৈমাসিক প্রতিবেদন, নন হোল্ডিং ও হোল্ডিং ট্যাক্স আদায়, Tax reassessment, পৌরসভার সকল বিল (বিদ্যুৎ, টেলিফোন) এবং পৌর এলাকায় যে সকল বস্তি বা দরিদ্র এলাকা আছে সে সকল এলাকায় প্রাথমিক দল গঠন, বস্তি উন্নয়ন কমিটি (এসআইই) তৈরী এবং এ বিষয়ে PRAP STEERING কমিটি গঠন বিষয়ে আলোচনা করা হয়। তিনি আরও জানান সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর, মহিলা কাউন্সিলর ও ওয়ার্ড কমিটির সদস্যদেরকে নিয়ে বিভিন্ন দরিদ্র ও বস্তি এলাকা নির্বাচন, বস্তি উন্নয়ন কমিটি গঠন করা হয়েছে। অতঃপর তিনি ১২টি ওয়ার্ডের নির্বাচিত দরিদ্র এলাকা ও গঠিত বস্তি উন্নয়ন কমিটি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>সিদ্ধান্তঃ<br>১। নির্বাচিত নিম্নে বর্ণিত ১২টি ওয়ার্ডের এলাকাগুলোকে দারিদ্র এলাকা হিসেবে অনুমোদন করা হয়ঃ
<table>
<tr><th>ক্র. নং</th><th>ওয়ার্ড নং</th><th>দরিদ্র এলাকার নাম</th></tr>
<tr><td>০১</td><td>০১</td><td>মধ্য দক্ষিণ ঋষিপট্টি</td></tr>
<tr><td>০২</td><td>০২</td><td>চান্দালিটিলাও মুশকিলার হাটি</td></tr>
<tr><td>০৩</td><td>০৩</td><td>পঞ্চবটি</td></tr>
<tr><td>০৪</td><td>০৪ ও ০৬</td><td>ওয়ার্ডে আমলাপাড়া ও লক্ষীপুর</td></tr>
<tr><td>০৫</td><td>০৫</td><td>জগন্নাথপুর দক্ষিণপাড়া (গাইনহাটিসহ)</td></tr>
<tr><td>০৬</td><td>০৭ ও ০৮</td><td>কমলপুর গাছতলাঘাট ও বন্দেরহাটি</td></tr>
<tr><td>০৭</td><td>০৯</td><td>চন্ডিবের উত্তরপাড়া ও হাসপাতাল সংলগ্ন হিন্দুপাড়া</td></tr>
<tr><td>০৮</td><td>১০</td><td>চন্ডিবের জেলেপাড়াও পশ্চিমপাড়া</td></tr>
<tr><td>০৯</td><td>১১</td><td>পুলতাকান্দা ও কালিপুর বন্দেরহাটি</td></tr>
<tr><td>১০</td><td>১২</td><td>রামকৃষ্ণপুর মহেশপুর নয়াহাটি</td></tr>
</table>
২। ১২টি ওয়ার্ডে ১০টি এলাকায় গঠিত ৮০টি প্রাথমিক দল অনুমোদন করা হয়।<br>৩। ১২টি ওয়ার্ডের ১০টি এলাকায় SIC (Slum Improvement Committee) গঠনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৫.</td>
<td>পৌরকর ও অন্যান্য রাজস্ব আদায় প্রসঙ্গে আলোচনা।</td>
<td>পৌর কর আদায় ও অন্যান্য রাজস্ব আদায় বিষয়ে আলোচনা করা হয়। এই বিষয়ে অত্র পৌরসভার কর আদায়কারীর ৩০/১২/২০২২ খ্রিঃ তারিখ হতে ২৯/০১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ের পৌরকর আদায়ের প্রতিবেদনে সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র.</th><th>আয়ের খাত</th><th>আদায়কৃত টাকা</th></tr>
<tr><td>১</td><td>পৌরকর বাবদ আদায়</td><td>৪,৫১,৭৮৬/-</td></tr>
<tr><td>২</td><td>ট্রেড লাইসেন্স ফি বাবদ আদায়</td><td>৬,৫০,৯১১/-</td></tr>
<tr><td>৩</td><td>রিক্সা লাইসেন্স ফি বাবদ আদায়</td><td>১০,৪৮,৬২০/-</td></tr>
<tr><td>৪</td><td>পৌর নিউ মার্কেট ফি বাবদ আদায়</td><td>২,৪২,২০০/-</td></tr>
<tr><td>৫</td><td>খাস আদায়</td><td>১,০৭,৬০০/-</td></tr>
<tr><td>৬</td><td>বিল্ডিং নির্মাণ ফি বাবদ আদায়</td><td>৯,৭৫,৮৫০/-</td></tr>
<tr><td>৭</td><td>জন্ম মৃত্যু নিবন্ধন ফি বাবদ আদায়</td><td>১,৮১,৫০০/-</td></tr>
<tr><td>৮</td><td>বিবিধ আদায়</td><td>৫,৫৮,০৯৬/-</td></tr>
<tr><td></td><td>সর্বমোট-</td><td>৪২,১৬,৫৬৩/-</td></tr>
</table></td>
<td>কর আদায়কারী, লাইসেন্স পরিদর্শক, আদায়কারী (বাজার)</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনার পর নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ক) আগামী ফেব্রুয়ারী মাসের মধ্যে সকল প্রকার রাজস্ব আদায়ের হার বৃদ্ধির এবং ৯০% আদায়ের লক্ষ্যমাত্র অর্জনের জন্য স্ব স্ব দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ তৎপরতা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) পৌরকর, ট্রেড লাইসেন্স, নিউ মার্কেটের দোকান ভাড়া আদায়ের বিষয়ে বিগত সভার সিদ্ধান্তের আলোকে কর আদায়কারী ও সহকারীগণ, লাইসেন্স পরিদর্শক ও সহকারী লাইসেন্স পরিদর্শক, বাজার পরিদর্শক ও বাজার আদায়কারীগণ লিখিত নোটিশ প্রদান কার্যক্রম অব্যাহত রাখা এবং বাড়ি বাড়ি এবং দোকান টু দোকান গিয়ে তাগিদ প্রদান কার্যক্রম জোরদার অব্যাহত রাখতে হবে। | |
| ০৬. | স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা। | স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা হয়। অত্র পৌরসভার স্যানিটারী ইন্সপেক্টর সভায় জানান যে, ইপিআই ও জন্ম নিবন্ধনের কার্যক্রম যথারীতি চলছে এবং কঞ্জারভেন্সী কার্যক্রম কঞ্জারভেন্সী ইন্সপেক্টর জনাব রফিকুল ইসলাম এর তত্ত্বাবধানে যথারীতি ও সুষ্ঠুভাবে চলছে। তাছাড়া রুটিন ইপিআইসহ জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম যথারীতি পরিচালনার পাশপাশি সরকারি নির্দেশনার আলোকে কোভিড- ১৯ এর ক্রাস প্রেগ্রামের আওতায় টিকা প্রদান করা হয়েছে। এছাড়া তিনি আরও জানান ০৮/০১/২০২৩ তারিখ থেকে সারাদেশের ন্যায় ৫ থেকে ১১ বছর বয়সী ছেলে ৭৩২৮ ও মেয়ে ৭৯৮৭ জন মোট ১৫৩১৫ জন ১ম ডোজ ছেলে ২৯৩ জন ও মেয়ে ৩২১ জন মোট ৬১৪ জন শিশুকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে কোভিড-১৯ ফাইজার টিকা দেওয়া হয়েছে এবং ২২/০১/২০২৩ হইতে ৩১/০১/২৩ তারিখ পর্যন্ত ভৈরব পৌর এলাকার ১২টি ওয়ার্ডে প্রাথমিক পর্যায়ে ৬৪টি স্কুলে মোট ১৬৫২৪ জন ও মাধ্যমিক পর্যায়ে ১২টি স্কুলে মোট ১৪০৫৯ জন সর্বমোট ৩০৫৮৩ জনকে কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো হবে।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনার পর সরকারি নির্দেশনার আলোকে সকল টিকা কার্যক্রম অব্যাহত রাখাসহ স্বাস্থ্য বিভাগের যাবতীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। | স্যানিটারী ইন্সপেক্টর ও কঞ্জারভেন্সী ইন্সপেক্টর। |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ ইফতেখার হোসেন)**
মেয়র
ভৈরব পৌরসভা।

স্মারক নং- ৪৬.৩০.৪৮১১.০৫০.০৪.০২৫.১৬.৩১৮(৩০) তারিখঃ- ৩০/০১/২০২৩খ্রিঃ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হ'ল।**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৪। প্রকল্প পরিচালক, এমজিএসপি, এলজিইডি, ঢাকা।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।
৬। জনাব /জনাবা ........................................................কাউন্সিলর (সকল), ভৈরব পৌরসভা।
৭। ...................................................................বিভাগীয়/শাখা প্রধান (সকল), ভৈরব পৌরসভা।
৮। সংশিষ্ট নথি।

**(মোঃ ইফতেখার হোসেন)**
মেয়র
ভৈরব পৌরসভা।

# ভৈরব পৌরসভা কার্যালয়

ভৈরব, কিশোরগঞ্জ।

ভৈরব পৌর পরিষদের জানুয়ারী/২০২৩ খ্রিঃ মাসের সাধারণ মাসিক সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দের নাম
(স্বাক্ষরের ক্রমানুসারে)

**সভাপতি** **ঃ মোঃ ইফতেখার হোসেন**
মেয়র, ভৈরব পৌরসভা।

**সভার স্থান** ঃ পৌরসভার সভাকক্ষ।

**সভার তারিখ** ঃ ৩০/০১/২০২৩ খ্রিঃ (সোমবার)

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিতি ঃ পরিশিষ্ট-'ক'।

| ক্রঃ নং | নাম | পদবী | ওয়ার্ড নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব আছমা | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ১,২ ও ৩ | স্বাক্ষরিত |
| ০২ | জনাব রোজী ইসলাম | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ৪,৫ ও ৬ | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব শামীমা পারভেজ | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ৭,৮ ও ৯ | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মৌসুনা রহমান | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ১০,১১ ও ১২ | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ আল-আমিন | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ০১ | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব দীন ইসলাম | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ০২ | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ মুমিনুল হক রাজু | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ০৩ | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব শহিদুল ইসলাম | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ০৪ | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব ফজলু মিয়া | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ০৫ | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মিন্টু মিয়া | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ০৬ | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মোহাম্মদ আলী সোহাগ | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ০৭ | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোহাম্মদ হাবিবুল্লাহ নিয়াজ | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ০৮ | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ মোমেন মিয়া | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ০৯ | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মনির হোসেন | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ১০ | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ মানিক মিয়া | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ১১ | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মোঃ ইব্রাহিম মিয়া | কাউন্সিলর, ভৈরব পৌরসভা | ১২ | স্বাক্ষরিত |